গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর

এবং

সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২০ - জুন ৩০, ২০২১

## সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৫

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৬

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ২০

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

কৃষি নির্ভর বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়ন ও অগ্রযাত্রায় প্রাণিসম্পদ অধিদপ্তর গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। দেশের প্রাণিজ আমিষের চাহিদা পূরণের ক্ষেত্রে গবাদিপশু, হাঁস-মুরগি ও দুধ উৎপাদন বৃদ্ধিসহ সংরক্ষণ, রোগ নিয়ন্ত্রণ ও জাত উন্নয়নে এখাতে রয়েছে অভাবনীয় সাফল্য। এ ধারাবাহিকতায় সম্প্রতি বাংলাদেশ মাংস উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ হয়েছে। ২০১৮-১৯ অর্থবছরে জিডিপিতে স্থিরমূল্যে প্রাণিসম্পদ খাতের অবদান ১.৪৭% এবং প্রবৃদ্ধির হার ৩.৪৭% (বিবিএস, ২০২০)। মোট কৃষিজ জিডিপি'তে প্রাণিসম্পদ খাতের অবদান ১৩.৪৬%। তাছাড়া ২০১৮-১৯ অর্থ বছরে প্রাণিসম্পদ খাতে জিডিপির আকার ছিল ৪৩২১২ কোটি টাকা যা বিগত ২০১৭-১৮ অর্থ বছরের তুলনায় ৩৫৮৭.৪০ কোটি টাকা বেশি (বিবিএস, ২০২০) । অধিকন্তু, ২০১৮-১৯ অর্থ বছরে প্রাণিসম্পদ খাতে উৎপাদিত কাঁচা ও প্রক্রিয়াজাত পণ্য রপ্তানি আয় ছিল প্রায় ১৮৫৬.৪০ কোটি টাকা (ইপিবি, ২০১৮-১৯)। জনসংখ্যার প্রায় ২০% প্রত্যক্ষ এবং ৫০% পরোক্ষভাবে প্রাণিসম্পদ খাতের ওপর নির্ভরশীল। প্রাণিজ আমিষের প্রধান উৎস মাংস, দুধ ও ডিমের উৎপাদন বিগত তিন বছরে যথাক্রমে প্রায় ৭%, ১৪% ও ১২% বৃদ্ধি পেয়েছে। ২০১৯-২০ অর্থবছরে মাংস, দুধ ও ডিমের জন প্রতি প্রাপ্যতা বেড়ে যথাক্রমে ১২৬.২০ গ্রাম/দিন, ১৭৬.৬৩ মি.লি/দিন ও ১০৪.২৩ টি/বছর এ উন্নীত হয়েছে যা দেশের ক্রমবর্ধমান জনগোষ্ঠীর প্রাণিজ আমিষের চাহিদা মেটাতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

গবাদিপশুর গুণগত মানসম্পন্ন খাদ্যের অপ্রতুলতা, রোগের প্রাদুর্ভাব, সুষ্ঠু সংরক্ষণ ও বিপণন ব্যবস্থার সংকট, লাগসই প্রযুক্তি প্রয়োগের অভাব, অসচেতনতা, প্রণোদনামূলক উদ্যোগের সংকট, উৎপাদন সামগ্রীর উচ্চ মূল্য, জলবায়ু পরিবর্তনের প্রভাব, সীমিত জনবল ও বাজেট প্রাণিসম্পদ উন্নয়নে অন্যতম চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

মুজিব বর্ষের কর্মপরিকল্পনা, সরকারের নির্বাচনী অঙ্গীকার, অষ্টম পঞ্চবার্ষিকী কর্মপরিকল্পনা এবং ২০৩০ সালের মধ্যে এসডিজি অর্জনে প্রাণিজাত পণ্যের যথাযথ উৎপাদন নিশ্চিত করার লক্ষ্যে বাজার ব্যবস্থার সংযোগ জোরদারকরণ, পণ্যের বহুমুখীকরণ, ফুড সেফটি নিশ্চিতকরণ এবং ক্যাটেল ইনসুরেন্স ব্যবস্থা প্রবর্তন করা হবে। উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ, টিএমআর প্রযুক্তির প্রচলন, উৎপাদন উপকরণ এবং প্রাণিজাত খাদ্যের মান নিয়ন্ত্রণ গবেষণাগার, গবাদি পশু-পাখির রোগ নিয়ন্ত্রণ, চিকিৎসা সেবার গুণগত মান উন্নয়ন এবং রোগ অনুসন্ধান গবেষণাগার স্থাপন করা হবে । দুগ্ধ ও মাংসল জাতের গরু উৎপাদন বৃদ্ধির জন্য কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণের মাধ্যমে গরু-মহিষের জাত উন্নয়ন করা হবে। তাছাড়া প্রাণিসম্পদের টেকসই উৎপাদন নিশ্চিত করার পাশাপাশি প্রাণিজ আমিষের নিরাপত্তা বিধান, আপামর জনগোষ্ঠীর পুষ্টির চাহিদাপূরণ, রপ্তানি আয় বৃদ্ধি ও অভিষ্ঠ জনগোষ্ঠীর অংশ গ্রহণের মাধ্যমে কাঙ্খিত আর্থসামাজিক উন্নয়ন নিশ্চিতকরণ।

**২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- গবাদিপশুর জাত উন্নয়ন ও সংরক্ষণে ৪৩.০০ লক্ষ মাত্রা সিমেন উৎপাদন করে দেশব্যাপি ৩৯.০০ লক্ষ গাভী/বকনা কে কৃত্রিম প্রজনন করা;
- রোগ প্রতিরোধে ২৮.৫০ কোটি টিকা উৎপাদন এবং ২৬.৫০ কোটি গবাদিপশু-পাখিকে কে টিকা প্রদান;
- মৎস্য খাদ্য ও পশুখাদ্য আইন-২০১০ এবং পশুখাদ্য বিধিমালা-২০১৩ বাস্তবায়নে ৫০০০০ টি খামার/ফিডমিল/হ্যাচারি পরিদর্শন করা;
- গবাদিপশু-পাখি পালনে সক্ষমতা বৃদ্ধিতে ২৫০০০ টি উঠান বৈঠক পরিচালনা করা;
- গবাদিপশু ও হাঁসমুরগির খাদ্যে ও অন্যান্য প্রাণিজাত পন্যের গুনগত মান নিয়ন্ত্রণে ৬০০ টি মোবাইল কোর্ট পরিচালনা করা;
- জীব নিরাপত্তা ও নিরাপদ প্রাণিজ খাদ্য নিশ্চিতকল্পে খামারী পর্যায়ে ১০০০ টি পোল্ট্রি খামার রেজিস্ট্রেশন ও নবায়ন এবং ২০০০ টি গবাদিপশুর খামার রেজিস্ট্রেশন ও নবায়ন করা;
- মাংস প্রক্রিয়াজাতকারীদের দক্ষতা বৃদ্ধির জন্য মোট ১৫০০০ জন মাংস প্রক্রিয়াজাতকারী (কসাই) কে প্রশিক্ষণ প্রদান করা।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর

এবং

সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে ২০২০ সালের ............ মাসের ........ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

সকলের জন্য পর্যাপ্ত, নিরাপদ ও মানসম্মত প্রাণিজ আমিষ সরবরাহকরণ।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

প্রাণিসম্পদের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি এবং মূল্য সংযোজনের (Value addition) মাধ্যমে প্রাণিজ আমিষের চাহিদাপুরণ।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. গবাদি পশু-পাখির উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি
২. গবাদি পশু-পাখির চিকিৎসা, রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ
৩. মানবসম্পদ উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি
৪. নিরাপদ প্রাণিজাত পণ্য (দুধ, মাংস ও ডিম) উৎপাদন ও রপ্তানি বৃদ্ধিতে সহায়তা
৫. গবাদি পশু-পাখির জেনেটিক রিসোর্স সংরক্ষণ ও উন্নয়ন

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১. দুধ, মাংস,ও ডিমের উৎপাদন বৃদ্ধি করা
২. গবাদি পশু-পাখির চিকিৎসা, রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ
৩. গবাদি পশু-পাখির কৃত্রিম প্রজনন সম্প্রসারণ
৪. গবাদি পশু-পাখির পুষ্টি উন্নয়ন
৫. গবাদি পশু-পাখির জাত উন্নয়ন
৬. প্রাণিসম্পদ উৎপাদন উপকরণ ও প্রাণিজাত খাদ্যের মান নিয়ন্ত্রণ এবং বৈদেশিক মুদ্রা অর্জন
৭. গবাদি পশু-পাখির খামার ব্যবস্থাপনার উন্নয়ন
৮. গবাদি পশু-পাখির কৌলিকমান সংরক্ষণ ও উন্নয়ন
৯. প্রাণিসম্পদ সম্পর্কিত গবেষণা ও উন্নয়ন
১০. প্রাণিসম্পদ সংক্রান্ত আইন, বিধিমালা ও নীতিমালা প্রণয়ন, হালনাগাদকরণ এবং বাস্তবায়ন
১১. প্রাণিসম্পদ বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে মানবসম্পদ উন্নয়ন

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২১-২০২২ | ২০২২-২০২৩ | | |
| দুধ উৎপাদন বৃদ্ধি | জনপ্রতি দুধের প্রাপ্যতা | পরিমাণ (মিলি/দিন) | ১৬৫.০৭ | ১৭৫.৬৩ | ১৯০.০০ | ২০৫.০০ | ২২০.০০ | বিএলআরআই, মিল্কভিটা, উন্নয়ন সহযোগী সংস্থা | প্রাণিসম্পদ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন, বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা এবং বিবিএস। |
| মাংস উৎপাদন বৃদ্ধি | জনপ্রতি মাংসের প্রাপ্যতা | পরিমাণ (গ্রাম/দিন) | ১২৪.৯৯ | ১২৬.২০ | ১৩২.০০ | ১৩৬.০০ | ১৪০.০০ | বিএলআরআই, উন্নয়ন সহযোগী সংস্থা | প্রাণিসম্পদ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন, বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা এবং বিবিএস। |
| ডিম উৎপাদন বৃদ্ধি | জনপ্রতি ডিমের প্রাপ্যতা | পরিমাণ (সংখ্যা/বছর) | ১০৩.৮৯ | ১০৪.২৩ | ১২০.০০ | ১৩২.০০ | ১৪২.০০ | বিএলআরআই, উন্নয়ন সহযোগী সংস্থা | প্রাণিসম্পদ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন, বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা এবং বিবিএস। |
| জাতীয় রপ্তানিতে প্রাণিসম্পদ পণ্যের আয় বৃদ্ধি | রপ্তানি আয় | মূল্যমান (কোটি টাকা) | ১৮৫৬.৪০ | ১২৫৬.০০ | ১৯০০ | ২১০০ | ২৩০০ | বাণিজ্য মন্ত্রণালয়, রপ্তানি উন্নয়ন ব্যুরো, উন্নয়ন সহযোগী সংস্থা | রপ্তানি উন্নয়ন ব্যুরো, বাংলাদেশ ব্যাংক এর প্রতিবেদন এবং বিবিএস। |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [১] গবাদি পশু-পাখির উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি | ২৩ | [১.১] গবাদিপশুর জাত উন্নয়নে সিমেন উৎপাদন | [১.১.১] উৎপাদিত সিমেন | সমষ্টি | মাত্রা (লক্ষ) | ৫ | ৪৪.৫১ | ৪৩.৭৯ | ৪৩.০০ | ৪২.৬০ | ৪২.৩০ | ৪২.০০ | ৪১.৫০ | ৪৪.০০ | ৪৫.০০ |
| | | [১.২] কৃত্রিম প্রজনন সম্প্রসারণ | [১.২.১] প্রজননের সংখ্যা | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ৫ | ৪১.২৮ | ৩৯.৫২ | ৩৯.০০ | ৩৮.৫০ | ৩৮.২০ | ৩৮.০০ | ৩৭.৫০ | ৪০.০০ | ৪২.০০ |
| | | [১.৩] ছাগল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সরকারি প্রজনন কেন্দ্রে ছাগী প্রজনন | [১.৩.১] প্রজনন কৃত ছাগী | সমষ্টি | সংখ্যা | ১ | ২৬৬৭ | ২৮৫৬ | ২৮৫০ | ২৮০০ | ২৭৫০ | ২৬৮০ | ২৬০০ | ২৯৫০ | ৩২০০ |
| | | [১.৪] সরকারি খামারে গাভীর বাছুর উৎপাদন | [১.৪.১] উৎপাদিত বাছুর | সমষ্টি | সংখ্যা | ১ | ৬৩৩ | ৬০১ | ৬৫০ | ৬৪০ | ৬৩০ | ৬২০ | ৬০০ | ৬৬৫ | ৬৮০ |
| | | [১.৫] সংকর জাতের গবাদিপশুর বাছুরের তথ্য সংগ্রহ | [১.৫.১] তথ্য সংগৃহীত বাছুর | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ৪ | ১৩.১২ | ১৩.৪৩ | ১৫.০০ | ১৪.৫০ | ১৪.০০ | ১৩.৫০ | ১৩.০০ | ১৬.০০ | ১৭.০০ |
| | | [১.৬] সরকারি খামারে ছাগলের বাচ্চা উৎপাদন | [১.৬.১] উৎপাদিত বাচ্চা | সমষ্টি | সংখ্যা | ১ | ১৩৮১ | ১৩৮১ | ১৫০০ | ১৪৫০ | ১৪০০ | ১৩৫০ | ১৩০০ | ১৬০০ | ১৭০০ |
| | | [১.৭] সরকারি খামারে একদিনের হাঁস মুরগির বাচ্চা উৎপাদন | [১.৭.১] উৎপাদিত বাচ্চা | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ৪ | ৫২.৭৬ | ৩৫.৫২ | ৪০.০০ | ৩৮.০০ | ৩৬.০০ | ৩৪.০০ | ৩২.০০ | ৪২.০০ | ৪৪.০০ |
| | | [১.৮] পশু খাদ্য নমুনা পরীক্ষাকরণ | [১.৮.১] পরিক্ষীত নমুনা | সমষ্টি | সংখ্যা | ২ | ৩১৬২ | ২২২৬ | ৩৫০০ | ৩৩৫০ | ৩২০০ | ৩১০০ | ৩০০০ | ৩৮০০ | ৪০০০ |
| [২] গবাদি পশু-পাখির চিকিৎসা, রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ | ২১ | [২.১] টিকা উৎপাদন | [২.১.১] উৎপাদিত টিকা | সমষ্টি | মাত্রা (কোটি) | ৪ | ২৭.৫২ | ২৩.৪৯ | ২৮.৫০ | ২৭.৫০ | ২৬.৫০ | ২৫.৫০ | ২৪.৫০ | ৩০.০০ | ৩২.০০ |
| | | [২.২] টিকা প্রদান সম্প্রসারণ | [২.২.১] টিকা প্রয়োগকৃত পশুপাখির সংখ্যা | সমষ্টি | সংখ্যা (কোটি) | ৪ | ২৫.৯৩ | ২৩.০১ | ২৬.৫০ | ২৬.০০ | ২৫.৫০ | ২৫.২০ | ২৪.০০ | ২৮.০০ | ৩০.০০ |
| | | [২.৩] রোগ নির্ণয় করা | [২.৩.১] পরিক্ষীত নমুনা | সমষ্টি | সংখ্যা | ৩ | ৮৮০৭৭ | ৮৭০০৪ | ৭৫০০০ | ৭৪৫০০ | ৭৪০০০ | ৭৩০০০ | ৭২০০০ | ৭৬০০০ | ৭৮০০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| | | [২.৪] গবাদিপশুর চিকিৎসা প্রদান | [২.৪.১] চিকিৎসাকৃত গবাদিপশু | সমষ্টি | সংখ্যা (কোটি) | ২ | ১.২০ | ০.৯৪ | ১.০০ | ০.৯ | ০.৮ | ০.৭ | ০.৬ | ০.৯৫ | ০.৯০ |
| | | [২.৫] হাঁস-মুরগির চিকিৎসা প্রদান | [২.৫.১] চিকিৎসাকৃত হাঁস-মুরগি | সমষ্টি | সংখ্যা (কোটি) | ২ | ৯.১৬ | ৮.৩১ | ৮.৫০ | ৮.৪০ | ৮.৩০ | ৮.২০ | ৮.১০ | ৮.৪০ | ৮.৩০ |
| | | [২.৬] পোষাপ্রাণির চিকিৎসা প্রদান | [২.৬.১] চিকিৎসাকৃত পোষাপ্রাণি | সমষ্টি | সংখ্যা | ১ | | ৬৪৯৬৪ | ৩০০০০ | ২৯৫০০ | ২৯০০০ | ২৮০০০ | ২৭০০০ | ৩২০০০ | ৩৫০০০ |
| | | [২.৭] গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ | [২.৭.১] প্রেরীত নমুনা | সমষ্টি | সংখ্যা | ২ | ৩২৭২২ | ৩৯৬২৯ | ৪৫০০০ | ৪৩৫০০ | ৪২০০০ | ৪০০০০ | ৩৮০০০ | ৪৬০০০ | ৪৮০০০ |
| | | [২.৮] গবাদি পশু-পাখির ডিজিজ সার্ভিল্যান্স | [২.৮.১] সার্ভিল্যান্সকৃত সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ২ | ৪৭৯৯ | ৯৪৩৪ | ৭৫০০ | ৭৩০০ | ৭১০০ | ৬৯০০ | ৬৭০০ | ৮০০০ | ৮৫০০ |
| | | [২.৯] ফ্রি ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প স্থাপন | [২.৯.১] স্থাপনকৃত ভেটেরিনারি ক্যাম্প | সমষ্টি | সংখ্যা | ১ | | ৩৩১৭ | ৩০০০ | ২৮০০ | ২৬০০ | ২৫০০ | ২৪০০ | ৩৫০০ | ৪০০০ |
| [৩] মানবসম্পদ উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি | ১৫ | [৩.১] খামারিদের প্রশিক্ষণ প্রদান | [৩.১.১] প্রশিক্ষণ প্রাপ্ত খামারি | সমষ্টি | জন (লক্ষ) | ৩ | ১.৭৬ | ১.৭২ | ২.০০ | ১.৮০ | ১.৬০ | ১.৪০ | ১.২০ | ২.১০ | ২.২০ |
| | | [৩.২] মাংস প্রক্রিয়াজাতকারীদের প্রশিক্ষণ প্রদান | [৩.২.১] প্রশিক্ষণ প্রাপ্ত মাংস প্রক্রিয়াজাতকারী | সমষ্টি | জন (সংখ্যা) | ১ | ২৯৪৮ | ১৫৭৯৩ | ১৫০০০ | ১৩০০০ | ১১০০০ | ৯০০০ | ৭০০০ | ১৭০০০ | ১৯০০০ |
| | | [৩.৩] গবাদিপশু-পাখি পালনে সক্ষমতা বৃদ্ধিতে উঠান বৈঠকের আয়োজন | [৩.৩.১] আয়োজিত উঠান বৈঠক | সমষ্টি | সংখ্যা | ৪ | ২৯০০৬ | ২৩৬২৫ | ২৫০০০ | ২৩৫০০ | ২২০০০ | ২১০০০ | ২০০০০ | ২৬০০০ | ২৭০০০ |
| | | | [৩.৩.২] উঠান বৈঠকে অংশগ্রহণকারী | সমষ্টি | জন (লক্ষ) | ৪ | ২.৪৩ | ৩.৩৬ | ৩.০০ | ২.৮০ | ২.৬০ | ২.৪০ | ২.২০ | ৩.৫০ | ৪.০০ |
| | | [৩.৪] স্থায়ী ঘাস চাষ সম্প্রসারণ | [৩.৪.১] স্থায়ী ঘাস চাষকৃত জমি | সমষ্টি | একর | ৩ | ৯৭৭.৮৩ | ৬১০৩.০৪ | ৫০০০ | ৪৫০০ | ৪০০০ | ৩৫০০ | ৩০০০ | ৫৫০০ | ৬০০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [৪] নিরাপদ প্রাণিজাত পণ্য (দুধ, মাংস ও ডিম) উৎপাদন ও রপ্তানি বৃদ্ধিতে সহায়তা | ১২ | [৪.১] খামার/ফিডমিল/ হ্যাচারি পরিদর্শন | [৪.১.১] পরিদর্শনকৃত খামার/ ফিডমিল/ হ্যাচারি | সমষ্টি | সংখ্যা | ৪ | ৪৫৭৬০ | ৫৩৫৮৬ | ৫০০০০ | ৪৮৫০০ | ৪৬৫০০ | ৪৪৫০০ | ৪৩০০০ | ৫৩০০০ | ৫৫০০০ |
| | | [৪.২] পোল্ট্রি খামার রেজিস্ট্রেশন ও নবায়ন | [৪.২.১] রেজিষ্ট্রিকৃত পোল্ট্রি খামার | সমষ্টি | সংখ্যা | ২ | ৬৮০ | ১০৫৭ | ১০০০ | ৮৫০ | ৭০০ | ৬০০ | ৫০০ | ১২০০ | ১৪০০ |
| | | [৪.৩] গবাদিপশুর খামার রেজিস্ট্রেশন ও নবায়ন | [৪.৩.১] রেজিষ্ট্রিকৃত গবাদিপশুর খামার | সমষ্টি | সংখ্যা | ২ | ৯৮৫ | ২৫২৭ | ২০০০ | ১৮০০ | ১৬০০ | ১৪০০ | ১২০০ | ২২০০ | ২৫০০ |
| | | [৪.৪] ফিডমিল এবং অন্যান্য প্রতিষ্ঠান রেজিস্ট্রেশন ও নবায়ন | [৪.৪.১] রেজিষ্ট্রিকৃত ফিডমিল এবং প্রতিষ্ঠান | সমষ্টি | সংখ্যা | ২ | ১৫৯ | ১৯২ | ২০০ | ১৯০ | ১৮০ | ১৬০ | ১৫০ | ২২০ | ২৪০ |
| | | [৪.৫] প্রাণিসম্পদ বিষয়ক বিভিন্ন আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনা করা | [৪.৫.১] পরিচালিত মোবাইল কোর্ট | সমষ্টি | সংখ্যা | ২ | ৪১৭ | ২৭৩ | ৬০০ | ৫০০ | ৪৫০ | ৪২০ | ৪০০ | ৬৫০ | ৭০০ |
| [৫] গবাদি পশু-পাখির জেনেটিক রিসোর্স সংরক্ষণ ও উন্নয়ন | ৪ | [৫.১] প্রজনন পাঁঠা বিতরন | [৫.১.১] বিতরনকৃত পাঁঠা | সমষ্টি | সংখ্যা | ২ | ৫৯০ | ৫৭৩ | ৬৫০ | ৬০০ | ৫৫০ | ৫০০ | ৪৫০ | ৭০০ | ৮০০ |
| | | [৫.২] কেনডিডেট বুল তৈরি | [৫.২.১] তৈরিকৃত বুল | সমষ্টি | সংখ্যা | ২ | ৬৫ | ৭২ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১২০ | ১৩০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১০ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সমষ্টি | সংখ্যা | ২ | ৪ | ৩ | ৪ | | | | | ৪ | ৪ |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ১ | ১২ | ১০ | ১২ | ১১ | | | | ১২ | ১২ |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | ৪ | ৬ |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | | | ৪ | ৬ |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | ৪ | ৫ |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সমষ্টি | সংখ্যা | ২ | ৪ | ৪ | ৪ | ৩ | | | | ৪ | ৪ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৯ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিস্পত্তিকৃত | সমষ্টি | % | ২ | ৬৬.৫৮ | ৭১ | ৮০ | ৭০ | ৬০ | | | ৮০ | ৮৫ |
| | | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | তারিখ | ২ | ০৩-০১-২০১৯ | ২৯-১২-২০১৯ | ১৫.০২.২১ | ১৫.০৩.২১ | ১৫.০৪.২১ | ১৫.০৫.২১ | | ১৪-০২-২০২২ | ১৩-০২-২০২৩ |
| | | [২.৩] সেবা সহজিকরণ | [২.৩.১] একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | তারিখ | ২ | ০৩-০২-২০১৯ | ১২-০১-২০২০ | ২৫.০২.২১ | ২৫.০৩.২১ | ২৫.০৪.২১ | ২৫.০৫.২১ | | ২৪-০২-২০২২ | ২৩-০২-২০২৩ |
| | | [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জনঘন্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪০ | ৩০ | ২০ | | ৫০ | ৬০ |
| | | | [২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৫ | ৪ | | | | ৬ | ৮ |
| | | [২.৫] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৫.১] ন্যুনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | ৩ | | ১ | | | | | ২ | ৩ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | | | ১০০ | ১০০ |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | ৯৮ | ৮৭.৩৬ | ১০০ | ৯০ | ৮০ | | | ১০০ | ১০০ |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | ৮০ | ৮২ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | ৮০ | ৮৫ |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | ৭২ | ৯০ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | | ৫০ | ৫৫ |
| | | [৩.৪] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুত ও হালনাগাদকরণ | [৩.৪.১] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুতকৃত এবং হালনাগাদকৃত | তারিখ | তারিখ | ১ | ০৩-০২-২০১৯ | ১৮-০২-২০২০ | ১৫.১২.২০ | ১৪.০১.২১ | ১৫.০২.২১ | | | ১৫-১২-২০২১ | ১৫-১২-২০২২ |

*সাময়িক (provisional) তথ্য

আমি, মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় হিসাবে মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

মহাপরিচালক
প্রাণিসম্পদ অধিদপ্তর

তারিখ

সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

তারিখ

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এআই | কৃত্রিম প্রজনন (Artificial Insemination) |
| ২ | বিএলআরআই | বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান (Bangladesh Livestock Research Institute) |
| ৩ | বিবিএস | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (Bangladesh Bureau of Statistics) |
| ৪ | ডিএলএস | প্রাণিসম্পদ অধিদপ্তর (Department of Livestock Services) |
| ৫ | ইপিবি | এক্সপোর্ট প্রমোশন ব্যুরো (Export Promotion Bureau) |
| ৬ | জিডিপি | মোট দেশজ উৎপাদন (Gross Domestic Product) |
| ৭ | এমওএফএল | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (Ministry of Fisheries and Livestock) |
| ৮ | এনজিও | বেসরকারি সংস্থা (Non Government Organization) |
| ৯ | এসডিজি | টেকসই উন্নয়ন অভীষ্ট (Sustainable Development Goal) |
| ১০ | টিএমআর | টোটাল মিক্সড রেশন (Total Mixed Ration) |

# সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকের বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] গবাদিপশুর জাত উন্নয়নে সিমেন উৎপাদন | [১.১.১] উৎপাদিত সিমেন | অধিক দুধ উৎপাদন বৈশিষ্ট্য সম্বলিত সুপেরিয়র ষাঁড় হতে সিমেন উৎপাদিত হয়। দুধ ও মাংস উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে এই সিমেন দ্বারা গাভী/বকনাকে কৃত্রিম প্রজনন করানো হয়। উৎপাদিত সিমেন কেন্দ্রীয় গো-প্রজনন কেন্দ্র, সাভার এবং রাজশাহী আঞ্চলিক কেন্দ্র থেকে জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র হয়ে বিভিন্ন উপকেন্দ্র এবং পয়েন্টসমূহে উপ-পরিচালক (এ/আই) –এর তত্ত্বাবধানে সরবরাহ করা হয়ে থাকে । | কৃত্রিম প্রজনন ও ঘাস উৎপাদন শাখা এবং প্রকল্প কার্যক্রম | উৎপাদিত সিমেন সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন এবং অর্থনৈতিক সমীক্ষা |
| [১.২] কৃত্রিম প্রজনন সম্প্রসারণ | [১.২.১] প্রজননের সংখ্যা | গবাদিপশুর জাত উন্নয়নে কৃত্রিম প্রজনন একটি পদ্ধতি যার মাধ্যমে গাভীকে নির্দিষ্ট সময়ে কৃত্রিম উপায়ে প্রজনন করা হয়। এটি গবাদিপশুর জাত উন্নয়ন তথা দুধ এবং মাংস উৎপাদন বৃদ্ধির জন্য আবশ্যক। সকল জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, উপকেন্দ্র এবং পয়েন্ট সমূহে অভিজ্ঞ মাঠকর্মী/কৃত্রিম প্রজনন কর্মীর মাধ্যমে মাঠ পর্যায়ে কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। | সম্প্রসারণ শাখা এবং প্রকল্প কার্যক্রম | প্রজননকৃত গবাদিপশুর সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন এবং অর্থনৈতিক সমীক্ষা |
| [১.৩] ছাগল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সরকারি প্রজনন কেন্দ্রে ছাগী প্রজনন | [১.৩.১] প্রজনন কৃত ছাগী | নির্দিষ্ট সময়ে প্রাকৃতিক উপায়ে ব্লাক বেঙ্গাল জাতের প্রজননক্ষম পাঁঠা দ্বারা ছাগীকে প্রজনন করানো হয়। দেশব্যাপী ২২ টি জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র এবং সরকারি ছাগল উন্নয়ন খামারের মাধ্যমে এ কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। পর্যায়ক্রমে এ কার্যক্রম উপজেলা পর্যন্ত সম্প্রসারণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। | সম্প্রসারণ এবং উৎপাদন শাখা | প্রজননকৃত ছাগীর সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| [১.৪] সরকারি খামারে গাভীর বাছুর উৎপাদন | [১.৪.১] উৎপাদিত বাছুর | সরকারি ০৮ টি গো-প্রজনন ও দুগ্ধ খামারে নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে বাছুর উৎপাদন, পালন এবং পরবর্তীতে প্রজননের উদ্দেশ্যে ব্যবহৃত হয়। তাছাড়া বাগেরহাট জেলায় অবস্থিত একটি সরকারি মহিষ উন্নয়ন খামারেও মাংস ও দুধ উৎপাদন বৃদ্ধির উদ্দেশ্যে মহিষের গাভির বাছুর উৎপাদন, পালন এবং পরবর্তীতে প্রজননের উদ্দেশ্যে ব্যবহৃত হয়। | উৎপাদন শাখা | উৎপাদিত বাছুরের সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| [১.৫] সংকর জাতের গবাদিপশুর বাছুরের তথ্য সংগ্রহ | [১.৫.১] তথ্য সংগৃহীত বাছুর | দেশব্যাপী কৃত্রিম প্রজনন কেন্দ্র, উপকেন্দ্র ও পয়েন্টের মাধ্যমে পরিচালিত এ.আই কার্যক্রমের ফলাফল হিসেবে উৎপাদিত সংকর জাতের বাছুর খামারী ও পারিবারিক পর্যায়ে পালন করা হয়ে থাকে এবং মাঠ পর্যায়ে বাছুরগুলোর তথ্য সংরক্ষণ করা হয় ও পরবর্তীতে প্রজনন কাজে ব্যবহার করা হয়। | সম্প্রসারণ শাখা | সংকর জাতের উৎপাদিত বাছুরের সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| [১.৬] সরকারি খামারে ছাগলের বাচ্চা উৎপাদন | [১.৬.১] উৎপাদিত বাচ্চা | সরকারি ০৭ টি ছাগল উন্নয়ন খামারে নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে ব্লাকবেঙ্গাল ছাগলের বাচ্চা উৎপাদন, পালন এবং পরবর্তীতে মাঠ পর্যায়ে ছাগলের প্রজননের উদ্দেশ্যে ব্যবহৃত হয়। | উৎপাদন শাখা | উৎপাদিত ছাগলের বাচ্চার সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| [১.৭] সরকারি খামারে একদিনের হাঁস মুরগির বাচ্চা উৎপাদন | [১.৭.১] উৎপাদিত বাচ্চা | সরকারি হাঁস-মুরগি খামারে উৎপাদিত একদিনের হাঁস-মুরগির বাচ্চা পোল্ট্রি খামার সম্প্রসারণে উদ্যোক্তাদের মাঝে সরবরাহ করা হয়ে থাকে। | উৎপাদন শাখা | সরকারি খামারে উৎপাদিত হাঁস-মুরগির বাচ্চার সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.৮] পশু খাদ্য নমুনা পরীক্ষাকরণ | [১.৮.১] পরিক্ষীত নমুনা | পশুখাদ্যের গুণগত মান সমুন্নত রাখার লক্ষ্যে প্রাণী পুষ্টি গবেষণাগার, মান নিয়ন্ত্রণ গবেষণাগার এবং জেলা প্রাণী হাসপাতালের প্রাণিপুষ্টি মিনি গবেষণাগারে পশুখাদ্যের নমুনা পরীক্ষা এবং বিশ্লেষণ করা হয়। | প্রাণি পুষ্টি শাখা এবং কিউসি ল্যাব | পশু খাদ্যের পরিক্ষীত নমুনার সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| [২.১] টিকা উৎপাদন | [২.১.১] উৎপাদিত টিকা | উৎপাদিত টিকা গবাদিপশু ও পাখির বিভিন্ন মারাত্মক রোগের প্রতিষেধক হিসেবে ব্যবহৃত হয়। প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক ১৭ প্রকারের টিকা উৎপাদন ও মাঠ পর্যায়ে সরবরাহ করা হয়। | গবেষণা, প্রশিক্ষণ ও মূল্যায়ন শাখা | টিকা উৎপাদনের ডোজ | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন এবং অর্থনৈতিক সমীক্ষা |
| [২.২] টিকা প্রদান সম্প্রসারণ | [২.২.১] টিকা প্রয়োগকৃত পশুপাখির সংখ্যা | গবাদিপশু-পাখির রোগ-প্রতিরোধ ক্ষমতা সৃষ্টির লক্ষ্যে টিকা প্রদান করা হয়ে থাকে। ভিএফএ এবং অন্যান্য মাঠ কর্মী মাঠ পর্যায়ে টিকা প্রদান করে থাকে। | সম্প্রসারণ শাখা | টিকা প্রয়োগকৃত গবাদিপশুর সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন এবং অর্থনৈতিক সমীক্ষা |
| [২.৩] রোগ নির্ণয় করা | [২.৩.১] পরিক্ষীত নমুনা | ১ টি কেন্দ্রীয় প্রাণিরোগ অনুসন্ধান গবেষণাগার এবং ৭ টি আঞ্চলিক প্রাণিরোগ অনুসন্ধান গবেষণাগারে গবাদিপশু-পাখির রোগ নির্ণয়ের লক্ষ্যে নমুনা পরীক্ষা করা হয়। | গবেষণা, প্রশিক্ষণ এবং মূল্যায়ন শাখা | রোগ নির্ণয়ের জন্য পরিক্ষীত নমুনার সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| [২.৪] গবাদিপশুর চিকিৎসা প্রদান | [২.৪.১] চিকিৎসাকৃত গবাদিপশু | দেশের প্রতিটি উপজেলা, জেলা প্রাণী হাসপাতাল এবং কেন্দ্রীয় প্রাণী হাসপাতালে ভেটেরিনারি সার্জন কর্তৃক অসুস্থ/রোগাক্রান্ত গবাদিপশুর চিকিৎসা সেবা প্রদান করা হয়ে থাকে। | সম্প্রসারণ শাখা | চিকিৎসাকৃত গবাদিপশুর সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন এবং অর্থনৈতিক সমীক্ষা |
| [২.৫] হাঁস-মুরগির চিকিৎসা প্রদান | [২.৫.১] চিকিৎসাকৃত হাঁস-মুরগি | দেশের প্রতিটি উপজেলা, জেলা প্রাণী হাসপাতাল এবং কেন্দ্রীয় প্রাণী হাসপাতালে ডিএলএস এর ভেটেরিনারি সার্জন কর্তৃক অসুস্থ/রোগাক্রান্ত হাঁস মুরগির চিকিৎসা সেবা প্রদান করা হয়ে থাকে। | সম্প্রসারণ শাখা | চিকিৎসাকৃত হাঁস-মুরগির সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন এবং অর্থনৈতিক সমীক্ষা |
| [২.৬] পোষাপ্রাণির চিকিৎসা প্রদান | [২.৬.১] চিকিৎসাকৃত পোষাপ্রাণি | দেশের প্রতিটি উপজেলা, জেলা প্রাণী হাসপাতাল এবং কেন্দ্রীয় প্রাণী হাসপাতালে ভেটেরিনারি সার্জন কর্তৃক অসুস্থ/রোগাক্রান্ত পোষাপ্রাণির চিকিৎসা সেবা প্রদান করা হয়ে থাকে। | সম্প্রসারণ শাখা | চিকিৎসাকৃত পোষাপ্রাণির সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| [২.৭] গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ | [২.৭.১] প্রেরীত নমুনা | উপজেলা পর্যায় থেকে গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে বিভিন্ন প্রকার নমুনা সংগ্রহ করে সিডিআইএল বা নিকটস্থ এফডিআইএল এ প্রেরণ করা হয়। | সম্প্রসারণ শাখা | প্রেরীত নমুনার সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| [২.৮] গবাদি পশু-পাখির ডিজিজ সার্ভিল্যান্স | [২.৮.১] সার্ভিল্যান্সকৃত সংখ্যা | উপজেলা পর্যায় থেকে খামারে বা খামারির বাড়িতে গবাদিপশু-পাখির বিভিন্ন রোগ সংক্রমণ হয়ে থাকে যা নিয়মিত তদারকি করা হয় এবং সে অনুযায়ী রোগ নিয়ন্ত্রণ কার্যক্রম গ্রহণ করা হয়। | সম্প্রসারণ শাখা | গবাদি পশু-পাখির ডিজিজ সার্ভিল্যান্স এর সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| [২.৯] ফ্রি ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প স্থাপন | [২.৯.১] স্থাপনকৃত ভেটেরিনারি ক্যাম্প | জনগণের দোরগোড়ায় গবাদিপশু পাখির চিকিৎসা সেবা পৌঁছে দেয়ার জন্যে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের উদ্যোগে প্রতি উপজেলায় মাসে ১টি ফ্রি ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প স্থাপন করা হবে। এসময় বিনামূল্যে গবাদিপশুর চিকিৎসা সেবা প্রদান, ঔষধ ও কৃমিনাশক সরবরাহ, টিকা প্রদান এবং অন্যান্য পরামর্শ প্রদান করা হবে। | সম্প্রসারণ শাখা | স্থাপনকৃত ভেটেরিনারি ক্যাম্পের সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৩.১] খামারিদের প্রশিক্ষণ প্রদান | [৩.১.১] প্রশিক্ষণ প্রাপ্ত খামারি | মাঠ পর্যায়ের খামারিদের গবাদিপশু-পাখি পালনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক খামার ব্যবস্থাপনা, রোগ নিয়ন্ত্রণ ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। উল্লেখ্য যে, প্রাণিসম্পদ অধিদপ্তরের রাজস্ব ও উন্নয়ন বাজেটের আওতায় খামারি প্রশিক্ষণসমূহ এ কার্যক্রমের আওতাভুক্ত থাকবে। | সম্প্রসারণ শাখা এবং প্রকল্প কার্যক্রম | প্রশিক্ষণ প্রাপ্ত খামারির সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| [৩.২] মাংস প্রক্রিয়াজাতকারীদের প্রশিক্ষণ প্রদান | [৩.২.১] প্রশিক্ষণ প্রাপ্ত মাংস প্রক্রিয়াজাতকারী | মাঠ পর্যায়ে বিভিন্ন গবাদিপশুর জবাইখানায় সঠিক এবং স্বাস্থ্যসম্মত উপায়ে পশু জবাই, চামড়া ছাড়ানো, মাংস সংরক্ষণ ও বিক্রয়, জবাই খানার প্রাণিজ উপজাত (রক্ত, হাড়, ক্ষুর, পাকস্থলি প্রভৃতি) সংরক্ষণ ইত্যাদি বিষয়ে মাংস প্রক্রিয়াজাতকারীদের (কসাই) প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। এ প্রশিক্ষণটি নিরাপদ মাংস উৎপাদনে জনস্বার্থে প্রাণিসম্পদ অধিদপ্তরের রাজস্ব ও উন্নয়ন বাজেটের আওতায় পরিচালিত হয়ে থাকে। | সম্প্রসারণ শাখা এবং প্রকল্প কার্যক্রম | প্রশিক্ষণ প্রাপ্ত মাংস প্রক্রিয়াজাতকারীর সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| [৩.৩] গবাদিপশু-পাখি পালনে সক্ষমতা বৃদ্ধিতে উঠান বৈঠকের আয়োজন | [৩.৩.১] আয়োজিত উঠান বৈঠক | মাঠ পর্যায়ের কর্মরত কর্মকর্তাগণ ক্ষুদ্র এবং মাঝারী গবাদিপশু-পাখির খামার প্রতিষ্ঠায় ও গবাদিপশু-পাখি পালনে সাধারণ উদ্যোক্তাগণকে উঠান বৈঠক এর মাধ্যমে কারিগরী ও প্রযুক্তিগত সহায়তা প্রদান করে থাকে। | সম্প্রসারণ শাখা | আয়োজিত উঠান বৈঠকের সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| | [৩.৩.২] উঠান বৈঠকে অংশগ্রহণকারী | মাঠ পর্যায়ের কর্মরত কর্মকর্তাগণ ক্ষুদ্র এবং মাঝারী গবাদিপশু-পাখির খামার প্রতিষ্ঠায় ও গবাদিপশু-পাখি পালনে কারিগরী ও প্রযুক্তিগত সহায়তা প্রদান করার উদ্দেশ্যে উঠান বৈঠকে অংশগ্রহণ করার জন্য খামারী ও সাধারণ মানুষকে উদ্বুদ্ধ করে থাকেন। | সম্প্রসারণ শাখা | উঠান বৈঠকে অংশগ্রহণকারীর সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| [৩.৪] স্থায়ী ঘাস চাষ সম্প্রসারণ | [৩.৪.১] স্থায়ী ঘাস চাষকৃত জমি | ফডার এক প্রকারের সবুজ ঘাস যা গবাদিপশুর প্রয়োজনীয় পুষ্টি সরবরাহ করে। নেপিয়ার, পারা, জার্মান এবং ভুট্টা উন্নত জাতের ঘাস। প্রাণিসম্পদ অধিদপ্তরের অধীনে সরকারি দুগ্ধ খামার, বিভিন্ন জেলা, উপজেলা দপ্তরে এবং খামারীর জায়গায় অধিদপ্তরের কর্মকর্তা কর্মচারীর পরামর্শে স্থায়ী ঘাসের নার্সারী ও প্রদর্শনী প্লট স্থাপন করা হয়ে থাকে। | সম্প্রসারণ শাখা | স্থায়ী ঘাস চাষকৃত জমির পরিমাণ | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| [৪.১] খামার/ফিডমিল/ হ্যাচারি পরিদর্শন | [৪.১.১] পরিদর্শনকৃত খামার/ ফিডমিল/ হ্যাচারি | বিভিন্ন খামার, ফিড মিল এবং হ্যাচারিসমূহের রেজিস্ট্রেশন, লাইসেন্স নবায়ন, প্রাণিসম্পদ সংশ্লিষ্ট বিভিন্ন আইন ও বিধিমালার সফল বাস্তবায়ন, খামারের বায়োসিকিওরিটি ও সার্বিক গুণগত মান রক্ষা এবং প্রাণিজাত নিরাপদ খাদ্য নিশ্চিত করার স্বার্থে প্রাণিসম্পদ অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ কর্তৃক নিয়মিত পরিদর্শন করা হয়। | ডি.এল.এস | পরিদর্শনকৃত খামার/ ফিডমিল/ হ্যাচারির সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| [৪.২] পোল্ট্রি খামার রেজিষ্ট্রেশন ও নবায়ন | [৪.২.১] রেজিষ্ট্রিকৃত পোল্ট্রি খামার | মাঠ পর্যায়ে খামারীদের প্রাণিসম্পদ উপকরণাদি সরবরাহ করার জন্যে এবং খামারের গুণগত মান রক্ষার জন্যে ডিএলএস কর্তৃক পোল্ট্রি খামারের (ব্রয়লার,লেয়ার, হাঁস, হ্যাচারী/প্যারেন্টস্টক) রেজিষ্ট্রেশন ও নবায়ন করা হয়ে থাকে। | সম্প্রসারণ এবং খামার শাখা | রেজিষ্ট্রিকৃত পোল্ট্রি খামারের সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| [৪.৩] গবাদিপশুর খামার রেজিষ্ট্রেশন ও নবায়ন | [৪.৩.১] রেজিষ্ট্রিকৃত গবাদিপশুর খামার | মাঠ পর্যায়ে খামারীদের প্রাণিসম্পদ উপকরণাদি সরবরাহ করার এবং খামারের গুনগত মান রক্ষার জন্যে ডিএলএস কর্তৃক গরু, ছাগল/ভেড়া ও মহিষের খামারের রেজিষ্ট্রেশন ও নবায়ন করা হয়ে থাকে। | সম্প্রসারণ এবং খামার শাখা, ডি.এল.এস | রেজিষ্ট্রিকৃত গবাদি পশুর খামারের সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৪.৪] ফিডমিল এবং অন্যান্য প্রতিষ্ঠান রেজিষ্ট্রেশন ও নবায়ন | [৪.৪.১] রেজিষ্ট্রিকৃত ফিডমিল এবং প্রতিষ্ঠান | প্রাণিসম্পদ সংশ্লিষ্ট ফিডমিল, ভিটামিন মিনারেল প্রিমিক্স, ফিড এডিটিভস ও অন্যান্য পশুখাদ্য আমদানী, রপ্তানী ও প্রক্রিয়াজাতকরণ প্রতিষ্ঠানকে রেজিষ্ট্রেশন প্রদান ও নবায়ন করা হয়ে থাকে। | খামার শাখা, ডিএলএস | রেজিষ্ট্রি এবং নবায়নকৃত ফিডমিলের সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| [৪.৫] প্রাণিসম্পদ বিষয়ক বিভিন্ন আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনা করা | [৪.৫.১] পরিচালিত মোবাইল কোর্ট | প্রাণিজাত পণ্য, পশুখাদ্যের ভেজাল, বিভিন্ন রাসায়নিক অপদ্রব্য বা ফরমালিন মিশ্রিতকরণ রোধে প্রাণিসম্পদ অধিদপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে নির্বাহী ম্যাজিষ্ট্রেট এবং পুলিশ/র্যা ব বাহিনীর সদস্যদের সহগযোগিতায় হাট-বাজার, পশুখাদ্য মজুদাগার, পশুখাদ্য কারখানা, প্রাণিজাত পণ্য প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠান প্রভৃতি স্থানে অভিযান পরিচালনা করা হয়। | ডি.এল.এস এর উপজেলা, জেলা এবং বিভাগীয় দপ্তর | পরিচালিত মোবাইল কোর্টের সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন এবং অর্থনৈতিক সমীক্ষা |
| [৫.১] প্রজনন পাঁঠা বিতরন | [৫.১.১] বিতরনকৃত পাঁঠা | ছাগী প্রজননের জন্য উদ্যোগী খামারিদেরকে সরকারি ছাগল উন্নয়ন খামার হতে প্রজনন উপযোগী ব্লাকবেঙ্গল পাঁঠা বিতরণ করা হয়ে থাকে। | উৎপাদন শাখা | বিতরনকৃত প্রজনন পাঁঠার সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| [৫.২] কেনডিডেট বুল তৈরি | [৫.২.১] তৈরিকৃত বুল | অধিক জেনিটিক গুণাগুণ সম্পন্ন এবং দেশের আবহাওয়া উপযোগী গবাদিপশুর জাত উন্নয়নে প্রোভেন বুল তৈরি করা প্রয়োজন। এ জন্যে মাঠ পর্যায় থেকে যাচাই বাছাই করে অধিক জেনেটিক গুণাগুণ সম্পন্ন ষাঁড় বাছুর সংগ্রহ করে কেনডিডেট বুল (প্রজনন উপযোগী ষাঁড়) তৈরি করা হয়। যা থেকে সিমেন সংগ্রহ করে কৃত্রিম প্রজনন করা হয়। পরবর্তিতে কেনডিডেট বুল থেকে প্রভেণ বুল (ষাড়) ঘোষণা করা হয়ে থাকে। | কৃত্রিম প্রজনন এবং ঘাস উৎপাদন শাখা এবং প্রকল্প কার্যক্রম | তৈরিকৃত কেনডিডেট বুলের সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন এবং অর্থনৈতিক সমীক্ষা |

## সংযোজনী ৩: অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কার্যালয় এর নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| দপ্তর / সংস্থা | প্রাণিসম্পদ অধিদপ্তর | পরিচালিতমোবাইলকোর্ট | প্রাণিসম্পদ বিষয়ক বিভিন্ন আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনা করা | সহযোগিতা অব্যাহত থাকা এবং বৃদ্ধিকরণ | প্রশাসন ও পুলিশ বিভাগের অংশগ্রহণ আবশ্যক। প্রশাসন ও পুলিশ বিভাগের প্রয়োজনীয় সহযোগিতা পাওয়া সাপেক্ষে অধিক সংখ্যক অভিযান পরিচালনা করা যাবে। |